দৈনিক ইত্তেফাক

FEB. 3 1999
তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৭

# জাতীয় সংসদে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির রিপোর্ট পেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে একজনের স্থলে একাধিক প্রো-ভিসি নিয়োগ সংক্রান্ত বিলটি পরীক্ষা-নিরীক্ষা করিয়া শিক্ষামন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী

(৯ম পৃঃ দ্রঃ)

## জাতীয় সংসদে

(৩য় পৃঃ পর)

কমিটি গতকাল (সোমবার) জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপন করিয়াছে।

কমিটির সভাপতি নূরুল ইসলাম নাহিদ উপস্থাপিত এ রিপোর্টে বিএনপি দলীয় দুই সদস্যের আপত্তি সন্নিবেশিত করা হইয়াছে। আলমগীর কবীর ও মশিউর রহমান তাহাদের আপত্তিতে বলেন, একজনের স্থলে একাধিক সংখ্যা যোগ না করিয়া সংখ্যা নির্দিষ্ট করিয়া দিতে হইবে। ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল' ১৯৯৮ নামে দুইটি বিল গত ৯ই নভেম্বর সংসদ হইতে পরীক্ষা-নিরীক্ষা করিয়া রিপোর্ট দানের জন্য ৮ সপ্তাহের সময় দিয়া কমিটিতে পাঠানো হয়। গতকাল কমিটির সভাপতি এ রিপোর্ট সংসদে পেশ করেন। যাহাতে কোন পরিবর্তন আনা হয় নাই। সংসদ হইতে যেভাবে কমিটির কাছে পাঠানো হইয়াছিল সেভাবেই রাখা হইয়াছে। একাধিক প্রো-ভিসি নিয়োগের কারণ হিসাবে বলা হইয়াছে এ দুইটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ মান উন্নয়ন এবং উন্নয়ন কর্মকাণ্ডসহ সুষ্ঠু তদারকীর জন্য ইহা অতীব প্রয়োজন। একাধিক প্রো-ভিসি'কে সিনেটসহ বিভিন্ন কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করারও বিধান রাখা হইয়াছে।

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির রিপোর্ট উত্থাপনের পূর্বে বিএনপি দলীয় সদস্য ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি নিয়োগের বিধানের বিরোধিতা করিয়া বলেন, ইহাতে ভিসি, প্রো-ভিসি বিবেদ বৃদ্ধি পাইবে। রাজনীতি চলিবে।

ভিসি কোনঠাসা হইয়া পড়িবে। জবাবে ডেপুটি স্পীকার বলেন, কোন রিপোর্ট উত্থাপনের পূর্বে আপত্তি চলে না। যখন বিল আলোচনায় আসিবে তখন আপত্তি আনা যাইবে। পরে সুরঞ্জিত সেনগুপ্তও একই কথা বলেন। পরে আবার জমির উদ্দিন সরকার বলেন, আমি শুধু আমার অসুবিধার কথা বলিয়া রাখিলাম।